

💵 মুয়াত্তা মালিক

হাদিস নাম্বারঃ ১৩৫৯

৩১. ক্রয়-বিক্রয় অধ্যায় (كتاب البيوع) পরিচ্ছেদঃ ৩৩. এক বিক্রয়ে দুই বিক্রয় ঢুকান নিষিদ্ধ এই প্রসঙ্গে

بَابِ النَّهْيِ عَنْ بَيْعَتَيْنِ فِي بَيْعَةٍ

আরবী

وَحَدَّثَنِي مَالِك أَنَّهُ بَلَغَهُ أَنَّ الْقَاسِمَ بْنَ مُحَمَّدِ سُئِلَ عَنْ رَجُل اشْتَرَى سِلْعَةً بِعَشَرَةِ دَنَانِيرَ نَقْدًا أَوْ بِخَمْسَةَ عَشَرَ دينَارًا إِلَى أَجَل فَكَرِهَ ذَلِكَ وَنَهَى عَنْهُ قَالَ مَالِك فِي رَجُل ابْتَاعَ سِلْعَةً مِنْ رَجُل بِعَشَرَةِ دَنَانِيرَ نَقْدًا أَوْ بِخَمْسَةَ عَشَرَ دينَارًا إِلَى أَجَل قَدْ وَجَبَتْ لِلْمُشْتَرِي بأَحَدِ الثَّمَنَيْنِ إِنَّهُ لَا يَنْبَغِي ذَلِكَ لِأَنَّهُ إِنْ أَخَّرَ الْعَشَرَةَ كَانَتْ خَمْسَةَ عَشَرَ إِلَى أَجَل وَإِنْ نَقَدَ الْعَشَرَةَ كَانَ إِنَّمَا اشْتَرَى بِهَا الْخَمْسَةَ عَشَرَ الَّتِي إِلَى أَجَل قَالَ مَالِك فِي رَجُل اشْتَرَى مِنْ رَجُل سِلْعَةً بدينَارِ نَقْدًا أَوْ بِشَاةٍ مَوْصنُوفَةٍ إِلَى أَجَل قَدْ وَجَبَ عَلَيْهِ بِأَحَدِ الثَّمَنَيْنِ إِنَّ ذَلِكَ مَكْرُوهُ لَا يَنْبَغِي لِأَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَدْ نَهَى عَنْ بَيْعَتَيْن فِي بَيْعَةٍ وَهَذَا مِنْ بَيْعَتَيْن فِي بَيْعَةٍ قَالَ مَالِك فِي رَجُل قَالَ لِرَجُل أَشْتَرِي مِنْكَ هَذِهِ الْعَجْوَةَ خَمْسَةَ عَشَرَ صَاعًا أَقْ الصَّيْحَانِيَّ عَشَرَةَ أَصنُوع أَقْ الْحِنْطَةَ الْمَحْمُولَةَ خَمْسَةَ عَشَرَ صَاعًا أَوْ الشَّامِيَّةَ عَشَرَةَ أَصنوع بدينَارِ قَدْ وَجَبَتْ لِي إِحْدَاهُمَا إِنَّ ذَلِكَ مَكْرُوهُ لَا يَحِلُّ وَذَلِكَ أَنَّهُ قَدْ أَوْجَبَ لَهُ عَشَرَةَ أَصنوع صَيْحَانِيًّا فَهُوَ يَدَعُهَا وَيَأْخُذُ خَمْسَةَ عَشَرَ صِنَاعًا مِنْ الْعَجْوَةِ أَوْ تَجِبُ عَلَيْهِ خَمْسَةَ عَشَرَ صِنَاعًا مِنْ الْحِنْطَةِ الْمَحْمُولَةِ فَيَدَعُهَا وَيَأْخُذُ عَشَرَةَ أَصْوُع مِنْ الشَّامِيَّةِ فَهَذَا أَيْضًا مَكْرُوهٌ لَا يَحِلُّ وَهُوَ أَيْضًا يُشْبِهُ مَا نُهِيَ عَنْهُ مِنْ بَيْعَتَيْن فِي بَيْعَةٍ وَهُوَ أَيْضًا مِمَّا نُهِيَ عَنْهُ أَنْ يُبَاعَ مِنْ صِنْفِ وَاحِدِ مِنْ الطَّعَام اثْنَانِ بِوَاحِدِ

বাংলা

রেওয়ায়ত ৭৫. মালিক (রহঃ)-এর নিকট রেওয়ায়ত পৌছিয়াছে যে, কাসিম ইবন মুহাম্মদকে প্রশ্ন করা হইল এক



ব্যক্তি সম্পর্কে যে ব্যক্তি কোন পণ্য ক্রয় করিল নগদ মূল্যে দশ দীনারের বিনিময়ে অথবা ধারে পনের দীনার বিনিময়ে। তিনি উহাকে মাকরূহ মনে করিলেন এবং এইরূপ করিতে নিষেধ করিলেন।

মালিক (রহঃ) বলেনঃ এক ব্যক্তি আর এক ব্যক্তি হইতে পণ্য ক্রয় করিয়াছে নগদ দশ দীনার মূল্যে কিংবা ধারে পনর দীনার মূল্যে, ক্রেতাকে দুই মূল্যের যেকোন একটি পরিশোধ করিত হইবে।

মালিক (রহঃ) বলেনঃ ইহা জায়েয় হইবে না। কারণ সে যদি দশ দীনার নগদ আদায় না করে তবে পনের দীনার ধারে রহিল। আর যদি নগদ দশ দীনার আদায় করিল তবে সে যেন এই দশ দীনারের বিনিময়ে ধারে বিক্রয়ের পনর দীনারকে ক্রয় করিল।

মালিক (রহঃ) বলেনঃ এক ব্যক্তি অন্য ব্যক্তি হইতে সামগ্রী ক্রয় করিল নগদ এক দীনার মূল্যে, অথবা বাকী মূল্যে এক বকরীর বিনিময়ে যাহার গুণাগুণ খুলিয়া বলা হইয়াছে। সে ব্যক্তির উপর ক্রয় ওয়াজিব হইয়াছে উভয় মূল্যের যে কোন এক মূল্যে। উহা মাকরহ জায়েয নাই। কারণ রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এক বিক্রয়ে দুই বিক্রয় ঢুকাইতে নিষেধ করিয়াছেন; উহা এক বিক্রয়ে দুই বিক্রয় ঢুকানোর অন্তর্ভুক্ত (কাজেই ইহা নিষিদ্ধ)।মালিক (রহঃ) বলেনঃ জনৈক ব্যক্তি সম্বন্ধে যে অপর এক ব্যক্তিকে বলিল-আমি আপনার নিকট হইতে এই আজওয়া খেজুরের পনের সা' কিংবা সায়হানীর দশ সা' অথবা মাহমূলা[1] গমের পনের সা' অথবা সিরীয় গমের দশ সা' এক দীনারের বিনিময়ে ক্রয় করিলাম। বর্ণিত দুইটির একটি আমার প্রাপ্য হইবে। ইহা মাকরহ, ইহা হালাল হইবে না। এক বিক্রয়ে দুই বিক্রয় ঢুকান যে নিষিদ্ধ এই বিক্রয় উহারই সদৃশ। ইহা আরও সদৃশ সেই নিষিদ্ধ বেচাকেনার যাহাতে একই প্রকারের খাদ্যদ্রব্য একের বিনিময়ে দুইটি বিক্রয় করা হয়।

English

Yahya related to me from Malik that he had heard that al-Qasim ibn Muhammad was asked about a man who bought goods for 10 dinars cash or fifteen dinars on credit. He disapproved of that and forbade it.

Malik said that if a man bought goods from a man for either 10 dinars or 15 dinars on credit, that one of the two prices was obliged on the buyer. It was not to be done because if he postponed paying the ten, it would be 15 on credit, and if he paid the ten, he would buy with it what was worth fifteen dinars on credit.

Malik said that it was disapproved of for a man to buy goods from someone for either a dinar cash or for a described sheep on credit and that one of the two prices was obliged on him. It was not to be done because the Messenger of Allah, may Allah bless him and grant him peace, forbade two sales in one sale. This was part of two sales in the one sale.

Malik spoke about a man saying to another, "'I will either buy these fifteen



sa of ajwa dates from you, or these ten sa of sayhani dates or I will buy these fifteen sa of inferior wheat or these ten sa of Syrian wheat for a dinar, and one of them is obliged to me.' Malik said that it was disapproved of and was not halal. That was because he obliged him ten sa of sayhani, and left them and took fifteen sa of ajwa, or he was obliged fifteen sa of inferior wheat and left them and took ten sa of Syrian wheat. This was also disapproved of, and was not halal. It resembled what was prohibited in the way of two sales in one sale. It was also included under the prohibition against buying two for one of the same sort of food."

ফুটনোট

[1] মাহমূলা-ধূসর বর্ণের বেশি দানার গম।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ মালিক ইবনু আনাস (রহঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন